



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা), EIIN: 105822  
ফ্যাক্স : ৮৮-০৮১-৯১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd  
Facebook Page: https://www.facebook.com/cvgc.edu.bd1

তারিখ: ১২/০২/২০২৪ খ্রি.

### বিজ্ঞপ্তি

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব কোর্সে ভর্তির ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ক্ষেত্রে শিক্ষার্থীদের করণীয়:

আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে যে সকল ইচ্ছুক আবেদনকারী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়নি এবং ২০২০ সালে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ভর্তির শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন করতে পারবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে আবেদন করতে হবে।

১. ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব কোর্সে ভর্তির ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন যথাযথভাবে পূরণ করে Submit এর পর প্রিন্ট নিয়ে সংরক্ষণ করবে। আবেদনের শেষ তারিখ ২০/০২/২০২৪ খ্রি. পর্যন্ত।
২. আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা কলেজের ওয়েবসাইট [www.cvgc.edu.bd](http://www.cvgc.edu.bd) এ প্রবেশ করে Masters (Regular) Final Admission 2021-22 লিংক এর বিকাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ২১/০২/২০২৪ খ্রি. পর্যন্ত জমা দিতে পারবে।
৩. ২১/০২/২০২৪ খ্রি. মধ্যে আবেদনকারীর মোবাইলে প্রাথমিক আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ২২/০২/২০২৪ খ্রি. মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম এবং বিকাশ পেমেণ্ট স্লিপ নিয়ে কলেজ অফিসে ভর্তি শাখায় যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিঃদ্রঃ প্রাথমিক আবেদনপত্রে কোন প্রকার ভুলের জন্য আবেদনকারী দায়ী থাকবে। তাই প্রাথমিক আবেদন ফরমটি সতর্কতার সাথে পূরণ করতে হবে। বিকাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা প্রদান না করলে আবেদন বাতিল বলে গন্য হবে।

*Ashraf*  
12.02.24

প্রফেসর ড. আবু জাফর খান (৩৯১৪)  
অধ্যক্ষ  
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ  
কুমিল্লা

#### বিতরণ:

- ০১। উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০২। সকল বিভাগীয় প্রধান, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৩। আহবায়ক, এ.পি.এ কমিটি, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৪। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৫। একাডেমিক কাউন্সিল ফেসবুক পেইজ/শিক্ষক পরিষদ ফেসবুক পেইজ/কলেজ ওয়েবসাইট
- ০৬। সংরক্ষণ নথি